কালের কণ্ঠ

তারিখ 21 JUN 2016
পৃষ্ঠা ২৩ কলাম ৬

### মাদারীপুরে শিক্ষক হত্যাচেষ্টা মামলা

# পাঁচ দিনেও কোনো অগ্রগতি নেই

**মাদারীপুর প্রতিনিধি ▷**

মাদারীপুরে সরকারি নাজিমউদ্দিন বিশ্ববিদ্যালয় কলেজের গণিত বিভাগের শিক্ষক রিপন চক্রবর্তীকে হত্যাচেষ্টা মামলার পাঁচ দিন পার হলেও মামলার কোনো অগ্রগতির সংবাদ পাওয়া যায়নি। এ ব্যাপারে কোনো কিছু জানতে চাইলেও পুলিশ কিছুই বলছে না। তদন্তের স্বার্থেই তারা চুপ আছে বলে জানায়।

মামলার পাঁচ আসামির পরিচয়, বন্দুকযুদ্ধে ফাহিম নিহতসহ এ ঘটনা সংক্রান্ত কোনো কথা না বললেও মাদারীপুরবাসীকে সতর্ক থাকতে এবং অপরিচিত লোকদের আনাগোনা দেখলে সংশ্লিষ্ট থানায় তথ্য দেওয়ার পরামর্শ দিয়েছে পুলিশ।

এদিকে মামলায় গ্রেপ্তার একমাত্র আসামি গোলাম ফাইজুল্লাহ ফাহিম বন্দুকযুদ্ধে মারা যাওয়ার ঘটনা এবং অন্য পাঁচ আসামির পরিচয় এখনো জানতে না পারার ব্যাপারটি নিয়েও মাদারীপুরের জনমনে চলছে নানা প্রশ্ন। শহরের পাশাপাশি গ্রামগুলোতে মানুষ এসব প্রশ্ন নিয়ে নানা কথা বলছে। নাম না প্রকাশের শর্তে কয়েকজন জানান, এখনো যদি পাঁচ আসামির পরিচয় খুঁজে বের করতে না পারে পুলিশ, তাহলে তাদের গ্রেপ্তার করবে কিভাবে। এত বড় একটি ঘটনা, তা কি ফাহিম হত্যার সঙ্গে সঙ্গেই সব চিহ্ন হারিয়ে যাবে, নাকি এ ঘটনার সঙ্গে জড়িতদের খুঁজে বের করতে পারবে পুলিশ। মাদারীপুর সদর থানার ওসি মো. জিয়াউল মোর্শেদ বলেন, 'ফাহিম বন্দুকযুদ্ধে নিহত হওয়ার আগে বেশ কিছু গুরুত্বপূর্ণ তথ্য আমাদের দিয়েছে। সেই তথ্য অনুযায়ী গুরুত্বসহকারে পুলিশ কাজ করছে।